

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কারওয়ান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২৫.১৭-১৭

তারিখ : ১১ মাঘ ১৪২৪।
২৪ জানুয়ারি ২০১৮।


বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর পরিচালিত ও বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৫টি সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে, ৪ বছর মেয়াদি ১ম বর্ষ বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির নিমিত্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক ফলাফল যাচাই পূর্বক অপেক্ষমান তালিকা হতে শূন্য আসনে ভর্তি যোগ্য প্রার্থী হিসেবে রোল নম্বর এর ক্রমানুযায়ী ৩য় মেধা তালিকা ও মাইগ্রেশনের তালিকা বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট ও সংশ্লিষ্ট কলেজের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য তথ্যাবলী :

- ১। ভর্তির সময় এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া কাউকেই ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
- ২। ৩(তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে।
- ৩। পরীক্ষার দিন হল পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশ পত্রের কপি ও এইচএসসি রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি সংগে আনতে হবে।
- ৪। মেধা তালিকা হতে ভর্তির তারিখ ২৭/০১/২০১৮ হতে ৩১/০১/২০১৮ সকাল ৯:০০ টা হতে বেলা ২:০০ টা পর্যন্ত নির্ধারিত প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।
- ৫। ভর্তির জন্য ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচ শত) টাকা ব্যাংক/নগদ জমা দিয়ে রশিদ প্রদর্শন পূর্বক রেজিস্ট্রারের নিকট হতে ভর্তির ফরম ও অঙ্গীকারনামা সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে রেজিস্ট্রার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
- ৬। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত নির্ধারিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
- ৭। ভর্তির জন্য যোগ্য প্রার্থীর তালিকা এ ওয়েব সাইট গুলোতে পাওয়া যাবেঃ www.dot.gov.bd, www.ctec.gov.bd, www.pabtec.gov.bd, www.btec-ac, www.arstecb.com,
- ৮। মাইগ্রেশন করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের ১ম ও ২য় পছন্দের ২টি কলেজের নাম লিখে নির্ধারিত আবেদন পত্র ভর্তির সময় জমা দিতে হবে।
- ৯। সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ
 - (ক) মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদ পত্রের মূল কপি প্রদর্শন পূর্বক যে প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সে প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
 - (খ) মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান ক্ষেত্রে : ক-এ বর্ণিত সনদপত্র ছাড়াও মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা, সিটি করপোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র।
 - (ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে : রাজামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার/জেলা প্রশাসকের ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্রের মূল কপি জমা দিতে হবে। অন্যথায় ভর্তি হওয়া যাবে না।

বিঃ দ্রঃ ভর্তির ফলাফল প্রকাশে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোহাম্মদ হোসাইন)
(অতিরিক্ত সচিব)
পরিচালক

বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

ও

আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

চলমান পাতা-২